(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
(কর প্রশাসন-২ শাখা)
www.nbr.gov.bd

**নম্বর:** ০৮.০১.০০০০.০০০.০২০.০১.০০৬৫.২৫.২২৭

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব আবু হাসান মোহাম্মদ খাইরুল ইসলাম, কর পরিদর্শক, সার্কেল-০৪, কর অঞ্চল-গাজীপুর এর বিরুদ্ধে দুদকের বিশেষ ০৬/২৩, তারিখঃ ০৩-০৫-২০২৩ খ্রি: মামলায় দুনীতি দমন কমিশন আইন, ২০০৪ এর ২৬(২) ও ২৭ (১) ধারা তৎসহ মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ৪(২) ও ৪ (৩) ধারায় গ্রেফতার হয়ে কারাগারে অবস্থান করছেন ; এবং

০২। যেহেতু, সরকারী চাকরি আইন, ২০১৮ এর ৩৯(২) ধারা অনুযায়ী কোন সরকারি কর্মচারী ফৌজদারি মামলায় গ্রেফতার হলে সরকার বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক তাঁকে সাময়িক বরখাস্ত করার বিধান রয়েছে;

০৩। সেহেতু, সরকারী চাকরি আইন, ২০১৮ এর ধারা ৩৯(২) অনুযায়ী জনাব আবু হাসান মোহাম্মদ খাইরুল ইসলাম, কর পরিদর্শক, সার্কেল-০৪, কর অঞ্চল-গাজীপুর-কে সংশ্লিষ্ট কর কমিশনারের কার্যালয়ে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে নিয়োগপূর্বক সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

০৪। সাময়িক বরখাস্তকালে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

০৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৬-০৯-২০২৫
মোঃ আবদুর রহমান খান. এফসিএমএ
চেয়ারম্যান

**নম্বর:** ০৮.০১.০০০০.০০০.০২০.০১.০০৬৫.২৫.২২৭/১ (১)

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য (করপ্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), , জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা;
২। কর কমিশনার, করঅঞ্চল-গাজীপুর/, , কক্সবাজার;
৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, গাজীপুর, , /জেলা হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, কক্সবাজার এবং

CamScanner

৪। জনাব আবু হাসান মোহাম্মদ খাইরুল ইসলাম, কর পরিদর্শক, , সার্কেল-০৪, কর অঞ্চল-গাজীপুর।

১৬-০৯-২০২৫
মোঃ আবদুর রহমান খান. এফসিএমএ
চেয়ারম্যান

CamScanner